

তামাক বিক্রি করার বয়স বাড়ানো

নিয়োগকারীদের জন্য মিলিয়ে দেখার তালিকা (চেকলিস্ট)

সোমবার, 1লা অক্টোবর 2007 তারিখ থেকে, তামাক বিক্রি করার আইনের পরিবর্তন হবে। এই তারিখ থেকে, 18 বছরের কম বয়সী (16 থেকে বেড়ে) কাউকে তামাকজাত জিনিষ বিক্রি করা বেআইনী হয়ে যাবে।

আইনের এই পরিবর্তনের জন্য নিজে থেকে এবং আপনার কর্মচারীদের তৈরী থাকা নিশ্চিত করার উদ্দেশ্যে আপনি বেশ কয়েকটা জিনিষ করতে পারেন:

- আপনার দোকানের কাউন্টারের ওপরে বা কাছে সঠিক বিজ্ঞপ্তি পরিষ্কারভাবে প্রদর্শন করবেন। এটা প্রথমেই, উপযুক্ত বয়সের থেকে কম বয়সী ক্রেতাদের কেনার চেষ্টা করা থেকে বিরত করবে এবং আপনি ও আপনার কর্মচারীরা যে শুধু আইন মেনে চলছেন তা তাদের মনে করিয়ে দিতে সাহায্য করবে।
- আপনার কর্মচারীদের এই আইনের পরিবর্তনের কথা জানাবেন এবং তাদের প্রশিক্ষণ দেবেন যে কোন ক্রেতার বয়স সম্বন্ধে তাদের কোনরকম সন্দেহ থাকলে তারা যেন সবসময় বয়সের প্রমাণ দেখতে চান। 18 বছরের কম বয়সী কাউকে তামাকজাত জিনিষ বিক্রি করলে তারা যে ব্যক্তিগতভাবে দায়ী হতে পারেন, সেটা যাতে আপনার কর্মচারীরা বোঝেন তা নিশ্চিত করবেন।
- আপনার কর্মচারীদের আইনের এই পরিবর্তন সংক্রান্ত কোন প্রশিক্ষণ দিলে তা লিখে (রেকর্ড) রাখবেন এবং তারা যে এটা বুঝতে পেরেছেন তা লিখে কর্মচারীদের সই করতে বলবেন। এটা তারপরে দরকারের সময় দেখার জন্য ফাইলে রেখে দেবেন।
- আপনি ও আপনার কর্মচারীরা যখনই কোন অল্পবয়সী ছেলে বা মেয়েকে বিক্রি করতে অসম্মত হবেন, তখনই সেটা লিখে রাখার জন্য একটা অসম্মতির খাতা (রিফিউজাল্‌স রেজিস্টার) তৈরী করবেন। এতে সব ঘটনার তারিখ ও সময়, কি জিনিষ কিনতে চাওয়া হয়েছিল, বিক্রি না করার কারণ এবং ক্রেতার একটা সংক্ষিপ্ত বিবরণ থাকা উচিত। এই অসম্মতির খাতাটা যাতে সবসময় আপনার কর্মচারীরা ব্যবহার করতে পারেন তা নিশ্চিত করবেন।
- তাছাড়াও, আপনার কর্মচারীরা যদি দুর্ব্যবহার বা ভীতিজনক আচরণের সম্মুখীন হন, তাহলে তাদের সহায়তা করার জন্য এবং তাদের প্রতি সংবেদনশীল হওয়ার জন্য তৈরী থাকবেন।
- যেসব ক্রেতার বা মেলা করেন তাদের বিষয়ে খবরাখবর কি উপায়ে অন্যান্য স্থানীয় ব্যবসাগুলির সাথে আদানপ্রদান করা যায় তা হয়ত আপনি ভেবে দেখতে চাইতে পারেন।
- আপনি যদি আপনার ব্যবসায় 18 বছরের কম বয়সীদের নিয়োগ করেন, তাহলে তাদের পক্ষে তামাকজাত জিনিষ বিক্রি করা বেআইনী নয়, অবশ্য যদি ক্রেতার বয়স উপযুক্ত বয়সের থেকে কম না হয়। তবে বিক্রি করার ব্যাপারে তাদের সমবয়সীদের না বলতে তাদের অসুবিধা হতে পারে। কাজেই, তত্ত্বাবধান ছাড়াই তাদের রেখে যাওয়াটা নিয়োগের পদ্ধতি হিসাবে ভাল নয় এবং এটা সুপারিশ করা হয় না।
- আপনার যদি একটা EPOS ব্যবস্থা থাকে, তাহলে একটা প্রস্পট-এর মাধ্যমে কর্মচারীদের এই আইনের পরিবর্তনের কথা এবং কিভাবে তা মেনে চলতে হবে সে কথা মনে করিয়ে দেওয়ার জন্য, সেটা ব্যবহার করা সম্ভব হতে পারে।



কর্মচারীদের জন্য নির্দেশিকা

সোমবার, 1লা অক্টোবর 2007 তারিখ থেকে, তামাক বিক্রি করার আইনের পরিবর্তন হবে। এই তারিখ থেকে, 18 বছরের কম বয়সী (16 থেকে বেড়ে) কাউকে তামাকজাত জিনিষ বিক্রি করা বেআইনী হয়ে যাবে।

কারুর বয়স সম্বন্ধে আপনার কোন সন্দেহ থাকলে, সবসময় ছবি সমেত পরিচয়পত্র দেখতে চাইবেন। বয়সের বৈধ প্রমাণের কাগজপত্রগুলির মধ্যে আছে পাসপোর্ট, ছবি সমেত ড্রাইভিং লাইসেন্স, অথবা স্বীকৃতিপ্রাপ্ত বয়স প্রমাণ করার কার্ড, যেমন, সিটিজেনকার্ড, পোর্টম্যান 'থ্রু ইট' কার্ড অথবা ভ্যালিডেট কার্ড। বয়স প্রমাণ করার সব কার্ডে PASS (পাস) হলোগ্রামের লোগোটা খুঁজে দেখবেন।

তবুও যদি আপনার সন্দেহ থাকে, তাহলে বিক্রি করা উচিত নয়। মনে রাখবেন যে 18 বছরের কম বয়সী কাউকে তামাকজাত জিনিষ বিক্রি করলে আপনি ব্যক্তিগতভাবে দায়ী হতে পারেন।

ফ্রেন্ডার বয়স উপযুক্ত বয়সের কম বলে, অথবা তার কাছে বয়সের বৈধ প্রমাণ না থাকার জন্য আপনি যখনই বিক্রি করতে অরাজী হবেন, তখনই সেই ঘটনার বিবরণ, আপনার নিয়োগকারীর তৈরী করা অসম্মতির খাতায় (রিফিউজাল্‌স রেজিস্ট্রারে) লিখে রাখবেন।

কিছু 16 ও 17 বছর বয়সের ছেলেমেয়ে আছে যারা, 1লা অক্টোবরের এই পরিবর্তনের ব্যাপারে অসন্তুষ্ট থাকবে। বিক্রি করতে রাজী না হওয়ার সময় ফ্রেন্ডাদের সাথে সম্ভাব্য বিরোধ এড়াবার উদ্দেশ্যে:

- কৌশলী হবেন ও ভদ্র ব্যবহার করবেন। না বলতে খারাপ করতে পারে। ক্ষমা চেয়ে নেবেন এবং তাদের রাগিয়ে দেবেন না অথবা নিজে রেগে যাবেন না।
- শান্ত থাকবেন এবং তারা চৈঁচামেচি করলেও আপনি তা করবেন না। তারা রেগে গেলে আপনি পেশাদার ব্যক্তির মত আচরণ করবেন এবং অটল থাকবেন।
- বুঝিয়ে বলবেন যে তাদের তামাকজাত জিনিষ বিক্রি করা আপনার পক্ষে বেআইনী - এটা ব্যক্তিগত কিছু নয়।
- সবসময় আপনার ও আপনার ফ্রেন্ডাদের মাঝখানে কার্টারের ব্যবধান রাখবেন।
- যদি কোন পরিস্থিতিতে ফ্রেন্ডা আক্রমণাত্মক হয়ে ওঠেন এবং আপনার জরুরী সাহায্য প্রয়োজন হয়, তাহলে পুলিশকে ডাকবেন।
- গুরুতর ঘটনার ক্ষেত্রে, আপনার যাতে পালিয়ে যাওয়ার জায়গা থাকে তা নিশ্চিত করবেন।
- কোন ঘটনা ঘটলে তা পুলিশকে জানাবেন।
- ওপরের বিষয়গুলির কোনটার সম্বন্ধে আপনি অনিশ্চিত হলে, আপনার নিয়োগকারী/ম্যানেজারের সাথে কথা বলবেন।

ACS | the voice of
local shops

Usdaw
Union of Shop, Distributive
and Allied Workers